দৈনিক ইত্তেফাক

তারিখ 27 FEB 20.3

# নাসিরনগর ডিগ্রী কলেজে ৫ বছর যাবৎ অধ্যক্ষ নেই

নাসিরনগর (ব্রাহ্মণবাড়িয়া) থেকে সংবাদদাতা ॥ নাসিরনগর ডিগ্রী কলেজে শিক্ষক স্বল্পতা, ক্লাস রুম, কমনরুমের অভাব, ছাত্রাবাস ও শিক্ষকদের আবাসিক সমস্যাসহ নানাবিধ সমস্যায় ঘুরপাক খাচ্ছে। কলেজে ১৯৯৫ সালে বিএ কোর্স চালু করা হলেও এ পর্যন্ত বিএসসি, বিএসএস, বিকম কোর্স চালু হয়নি। বর্তমানে ৪ শতাধিক শিক্ষার্থী রয়েছে। শিক্ষক সংকটে সৃষ্ট প্রশাসনিক জটিলতাসহ নানাবিধ সমস্যায় কলেজের সুষ্ঠু শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। কলেজে বর্তমানে ২১ জন শিক্ষক রয়েছে। যা প্রয়োজনের তুলনায় কম। এদিকে ৫ বছর যাবৎ কলেজে অধ্যক্ষের পদটি শূন্য রয়েছে। এছাড়াও ইংরেজী, ইসলামী শিক্ষা, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগের শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। কলেজের দু'টি ছাত্রাবাস রয়েছে। একটি ছাত্রাবাস নির্মাণের ৩ মাসের মধ্যেই ঘূর্ণিঝড়ে টিনের চালা উড়িয়ে নিয়ে যায়। যা শিক্ষকদের আবাসিক সমস্যার কারণে কয়েকজন শিক্ষক বসবাস করছেন। আবাসিক সমস্যায় শিক্ষকদের পাশাপাশি ছাত্ররাও দুর্ভোগ পোহাচ্ছে। কলেজে কমনরুম নেই। আসবাবপত্রের তীব্র সংকট রয়েছে। বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। খেলাধুলার কোন পরিবেশ নেই।